# কোভিড-১৯ পরিস্থিতিতে প্রাথমিক পর্যায়ে শিখন ত্বরান্বিতরণ কৌশল নির্ধারণ

**শিখন মূল্যায়ন**
**প্রথম শ্রেণি**
**গণিত**

[শিক্ষক শ্রেণিকক্ষে নিচের প্রশ্নগুলো চকবোর্ডে লিখে/ পোস্টার পেপারে লিখে এবং প্রয়োজনে বস্তু/ ছবি প্রদর্শন করে বলতে দিয়ে বা প্রয়োজনে লিখতে দিয়ে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।]

১। শিক্ষক শেণিকক্ষে বাস্তব পর্যায়ে নিকট পরিবেশ থেকে সংগৃহীত/শ্রেণিকক্ষে সহজলভ্য বস্তু দেখিয়ে কোনটি হালকা/ কোনটি ভারি, কোনটি বড়/ কোনটি ছোট, কোনটি দূরে/ কোনটি কাছে, কোনটি খাটো/কোনটি লম্বা, কোথায় কম/কোথায় বেশি তা তুলনা করে বলতে দিবেন।

২। শেণিকক্ষে শিক্ষক বাস্তব পর্যায়ে নিকট পরিবেশ থেকে সংগৃহীত/শ্রেণিকক্ষে সহজলভ্য বস্তু (যেমন, পাতা, কাঠি, ফুল, কলম, পেন্সিল, খাতা, বই প্রভৃতি) দেখিয়ে সংখ্যার ধারণা (০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯) সম্পর্কে শিক্ষার্থীদের শিখন যাচাই করবেন।

৩। অর্ধ-বাস্তব পর্যায়ে শেণিকক্ষে শিক্ষক ফ্লাশ কার্ড/পাঠ্যপুস্তকের ছবি দেখিয়ে গাণিতিক সংখ্যা প্রতীক/অঙ্ক (০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯) বলতে এবং পরে ফ্লাশকার্ডে যোগ চিহ্ন ও বিয়োগ চিহ্ন দেখিয়ে তা শনাক্ত করতে করতে দিবেন।

৪। শিক্ষক এক হাতে ২টি কলম এবং অন্য হাতে ৩টি কলম দেখিয়ে গুণতে দিয়ে পরে তা একত্র করে কতটি কলম হলো তা বলতে দিবেন।

৫। শিক্ষক শেণিকক্ষের সকল শিক্ষার্থীকে পর্যবেক্ষণ করতে দিয়ে দুইজন শিক্ষার্থীকে সামনে এনে একজনের হাতে ৭টি কাঠি রেখে তা গুণতে দিয়ে এবং পরে অন্যজনের হাতে ২টি কাঠি দিতে বলবেন। এবার ১ম জনের হাতে কয়টি কাঠি রইলো তা শিক্ষার্থীদের বলতে দিবেন।

৬। শিক্ষক শেণিকক্ষের সকল শিক্ষার্থীকে ১ টাকা, ২ টাকা, ৫ টাকা, ১০ টাকা, ২০ টাকা এবং ৫০ টাকার নোট দেখতে/পর্যবেক্ষণ করতে দিয়ে কোনটি কত টাকার নোট তা শনাক্ত করতে দিবেন।

-----০০০-----

**শিখন মূল্যায়ন**
**দ্বিতীয় শ্রেণি**
**গণিত**

[শিক্ষক শ্রেণিকক্ষে নিচের প্রশ্নগুলো চকবোর্ডে লিখে/ পোস্টার পেপারে লিখে এবং প্রয়োজনে বস্তু/ ছবি প্রদর্শন করে বলতে দিয়ে বা প্রয়োজনে লিখতে দিয়ে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।]

১। শিক্ষক শেণিকক্ষে টেবিলের উপর রাখা ফ্লাশকার্ডে অঙ্কে ও কথায় লেখা (যেমন, ২৫, ৩২, ৫২, ৬৭, ৯০-----; পঁচিশ, বত্রিশ, বায়ান্ন, সাতষট্টি, নব্বই,------) কার্ডগুলো দেখতে দিবেন। পরে শিক্ষার্থীদের কয়েকজনকে সামনে এনে পর্যায়ক্রমে যেকোনো সংখ্যা বলে তা অঙ্কে ও কথায় লেখা কার্ডগুলো পাশাপাশি রেখে প্রদর্শন করে বলতে বলবেন।

২। শিক্ষক শেণিকক্ষে টেবিলের উপর রাখা ফ্লাশকার্ডে লেখা কার্ডগুলো (যেমন, ১৪, ২৯, ৪১, ২৩, ১৫---) শিক্ষার্থীদের কয়েকজনকে সামনে এনে বড় থেকে ছোট সাজিয়ে প্রদর্শন করতে দিবেন।

৩। নিচের সংখ্যাগুলো (যেমন, ২৮, ৪৭, ৫০,৭৫------) চকবোর্ডে লিখে এদের একক ও দশক স্থানীয় অঙ্ক এবং স্থানীয়মান বলতে দিবেন।

৪। শিক্ষক বোর্ডে নিচের অঙ্কগুলো চকবোর্ডে লিখে এর যোগফল মৌখিকভাবে বলতে দিবেন।

```
   ৩ ৫        ৭ ০
  +৪ ০       +১ ১
  ____       ____
```

৫। শিহাব বাজার থেকে ৬০ টাকার মাছ ও ৫০ টাকার সবজি কিনল। সে মোট কত টাকা খরচ করল? [সমস্যাটি চকবোর্ড/ পোস্টার পেপারে লিখে তা দেখতে দিয়ে মৌখিকভাবে উত্তর বলতে দিবেন।]

৬। শিক্ষক বোর্ডে নিচের অঙ্কগুলো চকবোর্ডে/ পোস্টার পেপারে লিখে তা দেখতে এর বিয়োগফল কত তা মৌখিকভাবে বলতে দিবেন।

```
   ৪ ৬        ৩ ২
   - ৫       -২ ৫
  ____       ____
```

৭। রিয়াদের বাগানে ৫১টি আম গাছ আছে। গাছগুলোর মধ্যে ৪০টিতে আম ধরেছে। কতটি গাছে আম ধরেনি? [সমস্যাটি চকবোর্ড/ পোস্টার পেপারে লিখে তা দেখতে দিয়ে মৌখিকভাবে উত্তর বলতে দিবেন।]

৮। একটি কলমের দাম ৮ টাকা। ৯টি কলমের দাম কত? [সমস্যাটি চকবোর্ড/ পোস্টার পেপারে লিখে তা দেখতে দিয়ে মৌখিকভাবে উত্তর বলতে দিবেন।]

৯। ৬৩ ÷ ৭ = কত? [চকবোর্ড লিখে তা নামতার মাধ্যমে মৌখিকভাবে উত্তর বলতে দিবেন।]

----------oo---------

**শিখন মূল্যায়ন**
**তৃতীয় শ্রেণি**
**গণিত**

[শিক্ষক শ্রেণিকক্ষে নিচের প্রশ্নগুলো চকবোর্ডে লিখে/ পোস্টার পেপারে লিখে এবং প্রয়োজনে বস্তু/ ছবি প্রদর্শন করে বলতে দিয়ে বা প্রয়োজনে লিখতে দিয়ে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।]

১। পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৭ এর শেষ ছবি দেখতে দিয়ে সংখ্যাটি কত হবে তা বলতে দিবেন।

২। নিচের সংখ্যাগুলো চকবোর্ড/ পোস্টার পেপারে লিখে তা দেখতে দিয়ে খালিঘরে ‘ > বড় চিহ্ন বা < ছোট চিহ্ন’ এর কোনটি বসবে তা বলতে দিন।

ক) ১০০ ☐ ৯৯ খ) ৪৫৬ ☐ ৪৬৫

৩। নিচের অঙ্কগুলো চকবোর্ড/ পোস্টার পেপারে লিখে তা দেখতে দিয়ে এদের যোগফল কত হবে তা বলতে দিন।

ক) ৩০০ + ৪০০ = ? খ) ৩৮২ + ৯০০ = ?

৪। নিচের অঙ্কগুলো চকবোর্ড/ পোস্টার পেপারে লিখে তা দেখতে দিয়ে এদের বিয়োগফল কত হবে তা বলতে দিন।

ক) ৭০০ - ২০০ = ?

খ) ৪৭৫ থেকে কোন সংখ্যা বিয়োগ করলে ৭৫ হবে?


৫। ৯ এর গুণের নামতা বলতে দিন।

৬। এক প্যাকেট বিস্কুটের দাম ২০ টাকা হলে এরূপ ৪ প্যাকেট বিস্কুটের দাম কত হবে তা বল।

৭। একগুচ্ছে ৭টি ফুল থাকলে এরূপ ৯টি গুচ্ছে কতটি ফুল থাকবে তা বল।

৮। (ক) ২১ ÷ ৭ = কত? [চকবোর্ড লিখে তা মৌখিকভাবে উত্তর বলতে দিন।]
(খ) ১৮টি চকলেট ৩ জন শিশুর মধ্যে সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কয়টি করে পাবে তা বল।

৯। নিচের চিত্রে রং করা অংশটি কত অংশ হয় তা বলতে দিন।



---০০---


**শিখন মূল্যায়ন**

**চতুর্থ শ্রেণি**

**<u>গণিত</u>**

[শিক্ষক শ্রেণিকক্ষে নিচের প্রশ্নগুলো চকবোর্ডে লিখে/ পোস্টার পেপারে লিখে এবং প্রয়োজনে বস্তু/ ছবি প্রদর্শন করে বলতে দিয়ে বা প্রয়োজনে লিখতে দিয়ে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।]

১. ক) ৫৭৩৬৩ সংখ্যাটি কত, বল।
খ) নিচের সংখ্যা রেখায় ক ও খ দ্বারা কোন কোন সংখ্যা নির্দেশ করা হয়েছে?




২. নিচের সংখ্যা দুইটি তুলনা করে “<, ও >“ চিহ্ন বসাও:

১১১০০ ☐ ১১০০১

৩. খালিঘরে কত বসবে?

৪৯০০ – ৩৭০০ = ☐

৪. ক) ৮ × ১০০ = ?
(খ) তোমার কাছে মোট ১০০টি ১০০ টাকার নোট রয়েছে। তোমার কাছে মোট কত টাকা আছে?

৫. তুমি ৯৯ জন খেলোয়াড় থেকে ১১ সদস্যের কতটি ফুটবল দল গঠন করতে পারবে?

৬. ক) ৩ এর ৩টি গুণিতক কী কী?
খ) ২ ও ৩ এর লসাগু কত?

৭. ক) ৬ এর গুণনীয়কগুলো কী কী?
খ) ৫ ও ৭ এর গসাগু কত?

৮. ক) ১ এর সমান অথবা ১ এর চেয়ে বড় ভগ্নাংশকে কী ভগ্নাংশ বলে?
খ) $\frac{১}{৩}$ ☐ $\frac{১}{৫}$, খালিঘরে < অথবা > এর কোনটি বসবে?

৯. $\frac{২}{১০}$ কে দশমিক ভগ্নাংশে প্রকাশ করলে কী হবে?

---০০---

**শিখন মূল্যায়ন**

**পঞ্চম শ্রেণি**

**গণিত**

[শিক্ষক শ্রেণিকক্ষে নিচের প্রশ্নগুলো চকবোর্ডে লিখে/ পোস্টার পেপারে লিখে এবং প্রয়োজনে বস্তু/ ছবি প্রদর্শন করে বলতে দিয়ে বা প্রয়োজনে লিখতে দিয়ে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।]

১. গুণফল কত হবে?
ক) ৪০০ × ১১০ = খ) ৩০০ × ৫০০ =

২. ভাগফল কত হবে?
(ক) ৪৩৬ ÷ ১০ = খ) ৫৪০০ ÷ ১০০ =

৩. ৪টি কলমের দাম ৮০ টাকা। ৫টি কলমের দাম কত?

৪. খালিঘরে +, -, ×, এবং ÷ মধ্যে থেকে সঠিক প্রতীক বসাও
১২ ☐ ৪ ☐ ২ = ১

৫. ক) ৭ এর ৩টি গুনিতক হলো-
------, ---------, ও ---------
খ) ৪ ও ৫ এর লসাগু কত?

৬. ক) ১২ এর গুণনীয়কগুলো কী কী?
খ) নিচের কোনগুলো মৌলিক সংখ্যা?
২, ৪, ৬, ৭ ও ৯

৭. $৩\frac{৩}{৫}$ কে অপ্রকৃত ভগ্নাংশে প্রকাশ করলে কী হবে?

৮. $\frac{৩}{৫}$ মি ও $\frac{২}{৫}$ মি দৈর্ঘ্যের দুইটি ফিতা একত্রে কত মিটার?

৯. একটি কাপের ওজন ০.৩ কেজি। ৫টি কাপের ওজন কত?

------oo------